

সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ

E-mail : dhakapbs2@gmail.com

Website: pbs2.dhaka.gov.bd

ISO 9001: 2015 Certified

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ পানালিয়া, নবাবগঞ্জ।

স্মারক নং-২৭.১২.২৬৬২.৫৬১.০১.০৩৮.২১.৬০৪

তারিখ- ২৬ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ।
১৩ ফেব্রুয়ারী, ২০২১ খ্রিঃ।

“পুনঃদরপত্র বিজ্ঞপ্তি”

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পবিসের নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বিবরণ ও শর্তাবলী অনুযায়ী মালামাল সরবরাহের নিমিত্ত প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে:

দর পত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	পরিমাণ	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) সংগ্রহের সময়	দরপত্র গ্রহণের সময়	দরপত্র খোলার সময়
১০৮/২০২০-২০২১	১। ডেস্কটপ কম্পিউটার ব্রান্ড	২০ সেট	১,০০০/-	৫০,০০০/-	১৪/০২/২০২১ ইং তারিখ রবিবার হইতে ২৪/০২/২০২১ ইং বুধবার অফিস চলাকালীন পর্যন্ত।	২৫/০২/২০২১ ইং তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত।	২৫/০২/২০২১ ইং তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০৫ ঘটিকায়।
	২। ডেস্কটপ কম্পিউটার ক্রোন	০৫ সেট					
	৩। ল্যাপটপ	০২টি					
	৪। ডট ম্যাট্রিক্স প্রিন্টার	০৫ টি					
	৫। লেজার প্রিন্টার (লাইট ডিউটি)	০১ টি					
	৬। ইউপিএস (১ কেভিএ)	২০টি					

শর্তাবলী:

০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে সদর দপ্তর, ঢাকা পবিস-২, নবাবগঞ্জ হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং দরপত্র দলিল দেখিতে পারিবেন।


০২। আগ্রহী দরদাতাগণ আবেদনের মাধ্যমে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রিয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ারা সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা ঢাকা পবিস-২ এর সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা হইতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। ডাক/ কুরিয়ার যোগে কোনো দরপত্র দলিল প্রেরণ করা হইবে না।

০৩। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোনো দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে/ ডাক যোগে/ কুরিয়ার যোগে, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রিয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ারা সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা ঢাকা পবিস-২ এর সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ এই ঠিকানায় দরপত্র পৌছাতে হইবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হইবে। প্রতিটি দরপত্রের সাথে ঢাকা পবিস-২ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হইতে ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকার ডিমান্ড ড্রাফট/ পে-অর্ডার (নবাবগঞ্জ, ঢাকা এর যে কোন ব্যাংক শাখার উপর) দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করিতে হইবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী ঢাকা পবিস-২ এর সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রিয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ারা সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ তে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

০৪। দরপত্র দলিলের সাথে দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট, আয়কর, ব্যাংক সলভেন্সী ও দরপত্রের উদ্ধৃত মূল্যের ৫০% মালামাল সরবরাহের অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার) কপি দাখিল করিতে হইবে।

অ. পৃ. দ্র.

- ০৫। দরদাতা প্রতিষ্ঠানের অবশ্যই বাংলাদেশ কম্পিউটার সমিতির সদস্যপদ থাকিতে হইবে। এর প্রমাণ স্বরূপ সদস্য নম্বর উল্লেখ করিতে হইবে এবং কম্পিউটার সমিতির এতদসংক্রান্ত পত্রের হালনাগাদ অনুলিপি প্রদান করিতে হইবে।
- ০৬। সরবরাহকারীর দাখিলকৃত কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার ও কম্পিউটার এক্সেসরিজসহ সংশ্লিষ্ট মালামালের ক্ষেত্রে Manufacturer এর Authorization Letter/Dealership/Distributor/Reseller হিসেবে সনদ থাকিতে হইবে।
- ০৭। দরপত্রে অংশ গ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠানের বিক্রয়োত্তর সেবা প্রদানের জন্য সার্ভিস সেন্টার এবং স্থায়ী লোকবল থাকিতে হইবে।
- ০৮। সরবরাহকারীগণকে ঢাকা পবিস-২ কর্তৃক মালামালের মূল্য বিল দাখিল সাপেক্ষে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/আয়কর কর্তন পূর্বক অ্যাকাউন্ট পেয়ী চেক এর মাধ্যমে পরিশোধ করা হইবে।
- ০৯। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে সদর দপ্তর, ঢাকা পবিস-২, নবাবগঞ্জ বরাবর লিখিত ভাবে অনুরোধ জানাইতে হইবে।
- ১০। কোনো কারণে উল্লিখিত কার্যদিবস সমূহে যদি সরকারী ছুটি ঘোষণা করা হয়, তবে পরবর্তী কার্যদিবসে বর্ণিত কার্যাদি সম্পন্ন করা যাবে।
- ১১। ঢাকা পবিস-২ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।



(মোঃ মজিবুর রহমান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য:প: (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ০৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, ঢাকা দক্ষিণ।
- ০৬। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী/দোহার জো: অ:), ঢাকা পবিস-২।
- ০৭। এজিএম (বান্দুরা সাব জো: অ:), ঢাকা পবিস-২।
- ০৮। এজিএম (প্রশাসন/অর্থ/এমএস/ইএন্ডসি/ওএন্ডএম), ঢাকা পবিস-২।
- ০৯। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, ঢাকা দক্ষিণ।
- ১০। নোটিশ বোর্ড, ঢাকা পবিস-২/www.pbs2.dhaka.gov.bd
- ১১। অফিস কপি/মাস্টার কপি।